গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১২৫.২৮.০০৪.১৩-৫১০ তারিখ ঃ ২২/০৮/২০১৬ খ্রিঃ।

## প্রজ্ঞাপন

যেহেতু ময়মনসিংহ জজশীপের অধীন ঈশ্বরগঞ্জ চৌকি আদালতের সাবেক সিনিয়র সহকারী জজ বর্তমানে আইন ও বিচার বিভাগে সংযুক্ত কর্মকর্তা (সাময়িক বরখাস্ত) জনাব মোহাম্মদ কামাল খাঁন এর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) ও ৩ (ডি) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর অভিযোগে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরার্শক্রমে বিভাগীয় মোকদ্দমা নং ০১/২০১৪ নং রুজু করা হয়; এবং

যেহেতু জনাব মোহাম্মদ কামাল খাঁন-কে প্রদত্ত কারণ দর্শানোর প্রেক্ষিতে তাঁর লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীকালে গৃহীত বক্তব্য, বিভাগীয় মোকদ্দমার তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) ও ৩ (ডি) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর অভিযোগ প্রমাণিত হয়েছে;

সেহেতু বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে অভিযুক্ত কর্মকর্তা ময়মনসিংহ জজশীপের অধীন ঈশ্বরগঞ্জ চৌকি আদালতের সাবেক সিনিয়র সহকারী জজ বর্তমানে আইন ও বিচার বিভাগে সংযুক্ত কর্মকর্তা (সাময়িক বরখাস্ত) জনাব মোহাম্মদ কামাল খাঁন-কে বিভাগীয় মোকদ্দমা নং ০১/২০১৪ এ সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(২)(বি) অনুযায়ী তাঁর পদোন্নতি ০১ (এক) বছরের জন্য স্থগিত রেখে শাস্তি প্রদান করা হলো।

উল্লেখ্য যে, বাংলাদেশ সুপ্রীম কোর্টের বিগত ১০/০৫/২০১৫ খ্রিঃ তারিখের ১২৮৩৬ এ নং স্মারকমূলে প্রেরিত পত্রে যুগ্ম জেলা ও দায়রা জজ পদে পদোন্নতির প্যানেলভুক্ত কর্মকর্তাদের মধ্যে সর্বকনিষ্ঠ কর্মকর্তা বেগম মোছাঃ রুবিনা পারভীনের পদোন্নতি প্রাপ্ত পদে (যুগ্ম জেলা ও দায়রা জজ/সমপর্যায়ে) পদায়ন কার্যকর হওয়ার দিন হতে উল্লিখিত ০১ (এক) বছর গণনা শুরু হবে।

এতদ্বারা অত্র বিভাগের বিচার শাখা-১ এর বিগত ২৫/০২/২০১৪ খ্রিঃ তারিখের ১০.০০.০০০০.১২৫.২৮.০০৪.১৩.৮৪ নম্বর প্রজ্ঞাপনমূলে জনাব মোহাম্মদ কামাল খাঁন এর বিরুদ্ধে প্রচারিত সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হলো।

তাঁর সাময়িক বরখাস্তকালীন সময় চাকরিকাল হিসেবে গণ্য হবে এবং তিনি বিধি অনুযায়ী বকেয়া বেতন-ভাতা ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাঃ
(আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক)
সচিব।

নং-১০.০০.০০০০.১২৫.২৮.০০৪.১৩-৫১০/১(১২) তারিখ ঃ ২২/০৮/২০১৬ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-৩/৫/বাজেট, আইন ও বিচার বিভাগ।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪। সিনিয়র তথ্য কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৬। উপ-পরিচালক, ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
উপরের প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সিজিএ ভবন, কক্ষ নং ৫০৩, ৫ম তলা, সেগুনবাগিচা, ঢাকা।
৮। হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
৯। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০। জনাব মোহাম্মদ কামাল খাঁন, সংযুক্ত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
১১। গার্ড ফাইল।
১২। অফিস কপি।

২২/০৮/১৬
(মোঃ শাহাবুদ্দিন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৩১ (অঃ)।